

আবুল কাসেম ফজলুল হক জাতীয় বিশ্ববিদ্যালয়ে

সিডিকেট সদস্য

নিজস্ব প্রতিবেদক

২৪ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বাংলা বিভাগের অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সদস্য হিসেবে মনোনীত হয়েছেন। বিশিষ্ট পেশাজীবী নাগরিক হিসেবে তিনি এই মনোনয়ন লাভ করেন। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

UNIBOTS

অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক একাধারে বাংলা একাডেমির সভাপতি, দেশের প্রখ্যাত প্রাবন্ধিক, লেখক, গবেষক, অনুবাদক, সমাজ বিশ্লেষক, সাহিত্য সমালোচক ও রাষ্ট্র চিন্তাবিদ।

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে দীর্ঘ চার দশক শিক্ষকতা করেছেন। তিনি বাংলা ভাষা ও সাহিত্যের একজন প্রতিথ্যশা অধ্যাপক। তিনি একুশটিরও অধিক গ্রন্থের প্রণেতা।

আবুল কাসেম ফজলুল হক তার কাজের স্বীকৃতিস্বরূপ বাংলা একাডেমি, বাংলাদেশ লেখক শিবির, আলাওল সাহিত্য ও অলঙ্কৃত সাহিত্য পুরস্কারে ভূষিত হন। তার উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছে মুক্তিসংগ্রাম, কালের যাত্রার ধ্বনি, একুশে ফেব্রুয়ারি আন্দোলন, মাও সেতুঙের জ্ঞানতত্ত্ব, মানুষ ও তার পরিবেশ, রাজনীতি ও দর্শন ইত্যাদি।